

বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতি বাড়াতে পুরুষ সদস্যদেরও সম্পৃক্ততা দরকার

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ডা. আফসারুল আমীন সচিবালয়ে তাঁর দফতরে সংবাদ প্রতিনিধির সঙ্গে মতবিনিময়কালে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মায়েদের ভূমিকার ওপর গুরুত্বারোপ করেছেন। শিক্ষার্থীদের উপস্থিতি বাড়ানোর জন্য বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের সঙ্গে শিশুর মায়েদের আরও বেশি সম্পৃক্ত করার উদ্যোগ নেয়া হচ্ছে বলে মন্ত্রী জানান। দেশের সব মানুষের জন্য শিক্ষা নিশ্চিত করাই ছিল বর্তমান সরকারের প্রধান লক্ষ্য। এ লক্ষ্য বাস্তবায়নে শিক্ষার্থীদের কুলে উপস্থিতি বাড়ানোর লক্ষ্যে মায়েদের সচেতন করা এবং শিক্ষার্থীদের সব ধরনের শিক্ষা কার্যক্রমের সঙ্গে মায়েদের সম্পৃক্ত করতে পারলে বিদ্যালয়ে শিক্ষার্থীর উপস্থিতি অনেক বৃদ্ধি পাবে বলে মনে করেন মন্ত্রী ডা. আফসারুল আমীন। দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীর উপস্থিতির হার শতকরা ৭৮ ভাগের মতো। এ উপস্থিতির হার বাড়ানোর লক্ষ্যেই শিক্ষার্থীদের মায়েদের সচেতন এবং সম্পৃক্ত করার নানা উদ্যোগ নেয়া হয়েছে। শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির ব্যাপারে মন্ত্রী যে উদ্যোগ নিয়েছেন সেটি একটি জলৌ উদ্যোগ। সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে এর সঙ্গে আরও কয়েকটি বিষয় যুক্ত থাকা দরকার।

যে কোন শিশুর প্রথম পাঠ শুরু হয় বাড়ি থেকে। মায়ের হাতে। একটি শিশুকে পূর্ণাঙ্গ মানুষ হিসেবে গড়ে তুলতে মায়ের ভূমিকা অপরিহার্য। একটি শিশুর জন্য মাকে প্রচুর সময় দেয়া প্রয়োজন। সেই ক্ষেত্রে মাকে সেই পরিবেশটাও দিতে হবে। একই সঙ্গে ১০০ শিক্ষার্থীকে বিদ্যালয়ে আনতে হলে ১০০ ভাগ মাকেও সচেতন করার দায়িত্ব নিতে হবে। শুধু মা দিবস পালন, মায়েদের সঙ্গে নিয়মিত যোগাযোগ, স্থানীয় জনপ্রতিনিধি ও স্থানীয় সমাজের প্রতিনিধিদের শিক্ষা কার্যক্রমের সঙ্গে যুক্ত করাটাই যথেষ্ট নয়। এর সঙ্গে আরও একটি বিষয় যুক্ত করতে হবে। পুরুষ সদস্যদেরও সচেতন করা। পুরুষ সদস্যদের সমর্থন এবং সহযোগিতা ছাড়া মায়েদের পক্ষে শিক্ষার্থীদের জন্য যথেষ্ট সময় দেয়া বা তাদের শিক্ষা প্রক্রিয়ার সঙ্গে যুক্ত থাকা সম্ভব নয়। শিক্ষার্থীদের নিয়মিত কুলে যাওয়া এবং উপস্থিতি নিশ্চিত করতে হলে মায়েদের সঙ্গে সঙ্গে পুরুষ সদস্যদেরও মায়েদের সমর্থন এবং সহযোগিতা করতে হবে। মন্ত্রীর কথায় বোঝা গেল না পুরুষদের সমর্থন এবং সহযোগিতার বিষয়টি নিয়ে মন্ত্রণালয় চিন্তা-ভাবনা করছে কিনা। মায়েদের সঙ্গে সঙ্গে পুরুষদেরও উৎসাহিত করতে না পারলে শিক্ষা কার্যক্রমে মন্ত্রীর উদ্যোগ সাফল্যের মুখ দেখবে কিনা সেই বিষয়ে সন্দেহ থেকে যাচ্ছে।